স্টপ ক্লাম্পিং এন্ড টোয়িং ক্যাম্পেইন-এর উদ্বোধন

ক্লাম্পিং এন্ড টোয়িং একটি অমানবিক কাজ, এটি অবশ্যই বন্ধ হতে হবে

টাওয়ার হ্যামলেটসে এবার টিভি উপস্থাপক আজমাল মাসরুর এর নেতৃত্বে গত ২২ জানুয়ারী শুক্রবার আনুষ্ঠানিকভাবে এই ক্যাম্পেইন শুরু হয়েছে । ঐদিন বিকেলে পূর্ব লন্ডনের গ্রেটোরেক্স স্ট্রিটের মাইক্রোবিজনেস পার্ক কমিউনিটি সেন্টারে ক্যাম্পেইনের আনুষ্ঠানিক যাত্রা শুরু করে একটি সিগনেচার ক্যাম্পেইন লঞ্চ করা হয়। ১০ হাজার সিগনেচার সংগ্রহের লক্ষ্যে বিলি করা হয় স্বাক্ষরপত্র । আগামী ক'মাসের মধ্যে কাংখিত স্বাক্ষর সংগ্রহ করে টাওয়ার হ্যামলেটস কাউন্সিল কর্তৃপক্ষের কাছে জমা দেয়া হবে।

এছাড়াও এ সময় লঞ্চ করা হয়েছে ক্যাম্পেইন সংক্রান্ত একটি ওয়েবসাইট। যেকেউ ষষষ.ভর্মমডফটবযধভথটভঢ-ংষধভথ.ডমব

এই ওয়েসাইট ভিজিট করে অনলাইন পিটিশন পুরন করতে পারবেন। লিখতে পারবেন ক্লাম্পিং সংক্রান্ত যেকোনো ঘটনা বা ব্যাক্তিগত অভিজ্ঞতার কথা। ক্যাম্পেইনের মুল উদ্যোক্তা আজমাল মাসরুর আশাবাদী তাঁরা ১০ হাজার স্বাক্ষর সংগ্রহে সক্ষম হবেন এবং কাউন্সিল কর্তৃপক্ষকে এ ব্যাপারে বাস্তবোচিত পদক্ষেপ গ্রহনের জন্য চাপপ্রয়োগ করতে পারবেন।

ক্যাম্পেইন লঞ্চিং অনুষ্ঠানে আজমাল মসরুর বলেন, ক্লাম্পিং একটি অমানবিক কাজ। একজন ড্রাইভার অবৈধভাবে গাড়ি পার্ক করলে তাঁকে জরিমানা করা যেতে পারে। অবস্থাবেধে জরিমানার পরিমান বেশী হতে পারে। কিন্তু কোনো গাড়িকে ক্লাম্পিং এবং টোয়িং করে মাত্রাতিরিক্ত ফি আদায় একটি নীতিবহির্ভূত অন্যায় কাজ। এই ক্লাম্পিং পদ্ধতি আমাদেরকে শুধু আর্থিকভাবেই ক্ষতিগ্রস্থ করছেনা, প্রতিনিয়ত সংঘাত ও সংঘর্ষের দিকে ঠেলে দিচ্ছে। অন্যায় ক্লাম্পিং ও টোয়িং এর কারনে প্রায় সময়েই ক্লাম্পিং কোম্পানী ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে অপ্রীতিকর ঘটনা ঘটছে। আর এসব ঘটনার শিকার হয়ে কাউকে পুলিশী হয়রানীর শিকারও হতে হচ্ছে। তাই আমাদের দাবী অবিলম্বে টাওয়ার হ্যামলেটসে ক্লাম্পিং এন্ড টোয়িং বন্ধ করা হোক । তিনি বলেন, যেহেতু ক্যামডেনবাসী তাদের এলাকায় ক্লাম্পিং এন্ড টোয়িং বন্ধ করতে সক্ষম হয়েছে সুতরাং টাওয়ার হামলেটসবাসীকে তা পারতে হবে।

উল্লেখ্য, সম্প্রতি পূর্ব লন্ডনের গ্রেটোরেক্স স্ট্রিটের মাইক্রোবিজনেস পার্কে একটি গাড়িতে সিটিওয়াচ ক্লাম্পিং কোম্পানী কর্তৃক অন্যায়ভাবে ক্লাম্প করার প্রতিবাদ করতে গিয়ে পুলিশের হাতে গ্রেফতার হন লিব-ডেম নেতা আজমাল মাসরুর। তিনি দীর্ঘ ১১ ঘন্টা আটক থাকার পর ছাড়া পেয়ে ফিরে এসে এক সংবাদ সম্মেলন আহবান করেন এবং সিটিওয়াচ এর অন্যায় ক্লাম্পিং ও তাঁকে গ্রেফতারের ঘটনার বর্ণনা দেন। এসময় তিনি সিটিওয়াচ এর সাথে মাইক্রোবিজসেন পার্ক এর কন্ট্রাক্ট অবিলম্বে বাতিল করা দাবী জানান এবং টাওয়ার হ্যামলেটসে স্টপ ক্লাম্পিং এন্ড টোয়িং ক্যাম্পেইন চালুর ঘোষনা দেন। উক্ত ঘোষনার প্রেক্ষিতেই ২২ জানুয়ারী এই ক্যাম্পেইনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো।

এখানে আরো উল্লেখ্য, বর্তমানে বিভিন্ন ক্লাম্পিং কোম্পানী ক্লাম্পিং বাবদ আড়াইশ এবং টোয়িং বাবত সাড়ে ৩শ থেকে ৫শত পাউন্ড পর্যন্ত ফাইন আদায় করে আসছে। ক্লাম্পিং কোম্পানীর লোকজন নির্ধারিত পার্কিং এলাকায় দ্রুত পৌছেই বৈধ পারমিটহীন গাড়িগুলোতে ক্লাম্প দেয় এবং এক ঘন্টার মধ্যে গাড়ি টোয়িং করে (তুলে) নিয়ে যায়। কিন্তু নিয়ম হচ্ছে ক্লাম্পিং কোম্পানীর লোকজন পার্কিংস্থলে পৌছার ১০ মিনিট পর (গ্রেইস টাইম) ক্লাম্প করবে। কিন্তু তাঁরা সেই ১০ মিনিটের তোয়াক্কা না করেই অন্যায়ভাবে তৎক্ষনাত ক্লাম্প দিয়ে থাকে। অনেকে নিরুপায় হয়েই অন্যায় ফাইন দিয়ে গাড়ি ছাড়িয়ে নেন। এ নিয়ে প্রায়শই ড্রাইভার ও ক্লাম্পিং কোম্পানীগুলোর মধ্যে সংঘাত ও সংঘর্ষের ঘটনা ঘটে । জনাব আজমাল মাসরুর-এর দাবী অনুযায়ী ইতোমধ্যে মাইক্রোবিজনেস পার্ক কর্তৃপক্ষ তাদের টেনেন্টদের নিয়ে এক সভায় মিলিত হন। এতে সিটিওয়াচ এর সাথে মাইক্রোবিজনেস পার্কের কন্ট্রাক্ট বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয়।

এইচটিএ সেবা ফাউন্ডেশন ইউকে এর উদ্যোগে সিলেট শহরে ফুটপাথে বসবাসরদের মধ্যে প্রতি কম্বল বিতরণ

গত ২৪ জানুয়ারী বেলা ১০ টা থেকে এইচটিএ সেবা ফাউন্ডেশন ইউকে এর উদ্যোগে ফরেষ্ট্রোক যোগে সিলেট শহরের মধ্যে বিভিন্ন জেলা থেকে আগত গৃহহীন, ফুটপাথ ও হযরত শাহ জালাল (রঃ) এর মাজার শরীফে অবস্থানরত আর্ত মানুষের মধ্যে শীতের কম্বল বিতরণ করা হয়। বাংলাদেশে নিযুক্ত ফাউন্ডেশনের দায়িত্বশীল ব্যক্তিবর্গের মধ্যে ছিলেন, সিলেট জজ কোর্টের বিশিষ্ট আইনজীবী ও ফাউন্ডেশনের আইন উপদেষ্টা এডভোকেট মোঃ আব্দুল মতিন, সাবেক সেনা কর্মকর্তা বৃহত্তর সিলেট বিভাগীয় সংস্থার দায়িত্বশীল ডাঃ মোঃ ইউনুছ আলী অর্থ সম্পাদক জাহেদ আহমদ, সহ সাধারণ সম্পাদক সুহেল আহমদ। প্রথমেই মাজার শরীফ থেকে বিতরণ শুরু করেন এবং সুরমা ব্রিজ রেল ষ্টেশন ও তার আশেপাশে সহ সমগ্র সিলেট শহরের মধ্যে আতুর ন্যাংড়া পঙ্গু অন্ধ ও ভিক্ষুক বস্ত্রহীনদের মধ্যে ফরেষ্ট্রোক যোগে বিকাল ৪টা পর্যন্ত কম্বল বিতরণ কর্মসূচী অব্যাহত থাকে।

সিলেটে সুষ্টভাবে শীত বস্ত্র বিতরন করায় বিতরন কারিদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছে এইচটিএ সেবা ফাউন্ডেশন ইউকে শাখার প্রেসিডেন্ট আশিক আহমদ আশুক ও কমিটির অন্যান্য নেতৃবৃন্দ।

নো টু ডাইরেক্টলী ইলেকটেড মেয়র ইন টাওয়ার হ্যামলেটস শ্যাডওয়েল ওয়ার্ডে জনসভা অনুষ্ঠিত

টাওয়ার হ্যামলেটস কাউন্সিলের আগামী মে মাসে অনুষ্ঠিত রেফারেন্ডামে "নো" এর পক্ষে ভোট দেওয়ার জন্য জনমত সৃষ্টির লক্ষ্যে ক্যাম্পেইন গ্রুপের উদ্যোগে অনুষ্ঠিত ওয়ার্ড ভিত্তিক জনসভার অংশ হিসাবে গত ২৪ জানুয়ারী বিকাল ৫টায় শ্যাডওয়েল ওয়ার্ডে এক জনসভা অনুষ্ঠিত হয়। শ্যাডওয়েল এর টার্লিং স্ট্রীটের রবার্ট সাটন হাউসে অনুষ্ঠিত বক্তারা 'নো' এর পক্ষে ভোট দেওয়ার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান। বিশিষ্ট কমিউনিটি নেতা জুনেদ আহমদ সুন্দর মিয়ার সবাপতিত্বে এবং শফিক আহমদের পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তারা বলেন, বিগত ৩০ বছরে টাওয়ার হ্যামলেটসে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে। শিক্ষাক্ষেত্রে টাওয়ার হ্যামলেটস এখন সমগ্র ব্রিটেনের জন্য মডেল বারা।

বর্তমান লিডারশীপ সিস্টেমে আমাদের কাউন্সিলর এবং জনপ্রতিনিধিরা সরাসরি আমাদের কাছে দায়বদ্ধ। বর্তমান ব্যবস্থায় তাদের সাথে আমাদের কমিউনিটির বিভিন্ন ইস্যুতে সহজেই ঐকমত্যে পৌছানোর সুযোগ রয়েছে। কিন্তু সরাসরি মেয়র নির্বাচিত হলে আমরা সেই সুযোগ থেকে বঞ্চিত হব। মেয়রের একক কর্তৃত্বই তখন বহাল থাকবে। তখন কমিউনিটির কোন স্পর্শকাতর ইস্যুতে মেয়রের মতামত পাওয়া দুঃসাধ্য ব্যাপার হয়ে দাড়াবে যা বর্তমানে আমাদের অনেকটাই দরাছোঁয়ার মধ্যে রয়েছে। সর্বোপরি বর্তমান ব্যবস্থায় বিভিন্ন দল ও মতের মতামত ও পরামর্শ প্রদানের সুযোগ রয়েছে। সরাসরি নির্বাচিত মেয়র হলে অনির্বাচিত নামে মাত্র উপদেষ্টাদের দ্বারাই মেয়র পরিচালিত হবে।

মূলত সকল সিদ্ধান্তের কেন্দ্রবিন্দু থাকবে মেয়র এতে একক ব্যক্তিকেন্দ্রিক শাসন ব্যবস্থায় প্রবর্তন হবে যা থেকে জনমনের প্রকৃত আশা আশংকার প্রতিফলন ঘটবে না। তাই আমরা আপনাদের সকলের মতামতের মূল্যায়ন প্রতিষ্ঠার জন্য আগামী বেলারেডমা-এ 'না' ভোট দেওয়ার জন্য আহ্বান জানাচ্ছি। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন তোতা মিয়া, হাজী তাহির আলী, হীরা মিয়া, আশরাফুল ইসলাম শিপার, হান্নান মিয়া, সাবেক চেয়ারম্যান মদরিছ আলী, রাহিম আলী, মুহিবুর রহমান, আশিক আলী, দরস উল্লাহ, বদরুল ইসলাম, শাহাব উদ্দিন চঞ্চল।

ইমিগ্রেশন চেম্বারস্

আমাদের সার্ভিস সমূহ

আপনি প্রতিবন্ধী (Disable) বা কাজ করতে অক্ষম হলেও আপনার স্বামী বা স্ত্রীকে বিদেশ থেকে আনতে পারবেন। *

স্বল্প আয় থাকলেও আপনার আত্মীয় স্বজনকে ভিজিট ভিসায় ব্রিটেনে আনতে পারবেন।

(* শর্তাবলী প্রযোজ্য)

- ওয়ার্ক পারমিট
- স্পন্সরশীপ ডিক্লারেশন
- সেটেলম্যান্ট এপ্লিকেশন
- স্টুডেন্ট/ ভিজিট/ বিজনেস ভিসা
- নাম পরিবর্তন / ডমেস্টিক ওর্য়াকার
- ইনডিফিনিট লিভ টু রিমেইন
- ভিসা এক্সটেনশন
- সিটিজেনশীপ এন্ড ন্যাশনালিটি
- পাওয়ার অফ এটর্নি
- মেরিজ এপ্লিকেশন

পয়েন্ট বেইজ সিস্টেমের অধীন বিভিন্ন টিয়ারের আবেদন পত্র ও স্পন্সরশীপ লাইসেন্সের সহায়তা করে থাকি। বিভিন্ন ধরনের আপিলে আমরা অভিজ্ঞ

দয়া করে এপয়েন্টমেন্ট করে আসুন

যোগাযোগ

Immigration Chambers
86 Brick Lane, Unit-7
(Above Bangla City Superstore)
London E1 6RL
Mobile : 07961960650
immimgrationchambers@yahoo.co.uk

OISC
Authorised by the OISC

Phone: 020 7650 7970

WBD 50 cont.

হামীম জব সেন্টার
এন্ড ট্রাভেলস্

291A Whitechapel road (1st floor) london E1 1BY
tel. & fax: 020 7539 3511 mob: 07932 402033

Jobs Jobs Jobs Jobs Jobs Jobs

- আপনি কি ষ্টাফ / কাজ খুজছেন? ২৪ ঘন্টার মধ্যে রেষ্টুরেন্টের ষ্টাফসহ ফ্যাক্টরী, গ্রোসারী ও দোকানে কাজের ব্যবস্থা করে দিতে পারি।
- ব্যাংক লোন এবং ব্যাংক একাউন্ট খোলার ব্যাপারে আমরা সাহায্য করে থাকি।
- আপনার জরুরী ডকুমেন্ট আমরা দু-তিন দিনের ভিতরে বাংলাদেশে পৌছে দিতে পারি



এছাড়া আমরা --- ---

বিমান, আমিরাত, সৌদি এয়ার লাইন্স, কাতার - উমরা হজ্জসহ এয়ারলাইন্সের টিকেট এর ব্যবস্থা করে থাকি।
পার্সোনাল লোন ও ব্যাংক একাউন্টের ব্যাপারে সাহায্য করা হয়। কাবিন বাংলা থেকে ইংরেজী, পাওয়ার অব এটর্ণী, ভিসা, নো ভিসা, পাসপোট রিনিউ, নতুন পাসপোট তৈরী, লস্ট পাসপোর্ট ইত্যাদি ব্যাপারে সাহায্য করে থাকি।

ESOL and LIFE IN THE UK TEST এর ব্যাপারে সাহায্য করতে পারি

ওমরা হজ্বের বুকিং এর জন্য আজই যোগাযোগ করুন

আপনি কি বাংলাদেশে টাকা পাঠাতে চান?
আমরা ১ ঘন্টার মধ্যে আপনার টাকা পৌছানোর ব্যবস্থা করে দিতে পারি।

wbd Start /14